14

তারিখ 13 MAR 1996
পৃষ্ঠা 2 6

আজকের কাগজ

# গণসাক্ষরতার মতবিনিময় সভা অনুষ্ঠিত

কাগজ প্রতিবেদক ঃ গতকাল গণসাক্ষরতা অভিযান আয়োজিত প্রাথমিক শিক্ষাখাতে অভ্যন্তরীণ বরাদ্দ এবং সবার জন্যে মানসম্মত শিক্ষা শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান মিলনায়তনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন গণসাক্ষরতা অভিযান-এর পরিচালক আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন। মতবিনিময় সভায় উপস্থিত বক্তারা শিক্ষাখাতে বৈষম্য নীতি ভুলে গিয়ে সকলের জন্যে মানসম্মত শিক্ষা ব্যবস্থা চালু করার প্রতি গুরুত্ব আরোপ করেন। তারা বলেন, মানসম্মত শিক্ষার জন্যে দেশের প্রতিটি গ্রামে একটি করে স্কুল প্রতিষ্ঠা করা প্রয়োজন। এ জন্যে যে পরিমাণ অর্থের দরকার সেই পরিমাণ অর্থেরই বরাদ্দ হওয়া প্রয়োজন বলে বক্তারা মনে করেন। তারা দেশীয় শিক্ষা ব্যবস্থায় কি কি বিষয়ে কি কি ধরনের সমস্যা হচ্ছে- এসব বিষয়ে খুটিনাটি দিকগুলোও আলোচনায় অন্তর্ভুক্ত করেন। মতবিনিময়ে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে যারা অংশ নেন তাদের মধ্যে শিক্ষা অধিদফতরের মহাপরিচালক আজিজ আহমদ চৌধুরী, জিএসএস-এর পরিচালক ফর মাহমুদ হাসান, ঝিনিয়া আলী, সেলিম আহমেদ, ডঃ আবুল বরকত, ডঃ ওমর হায়দার চৌধুরী, ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য, ডঃ শফিকুল ইসলাম প্রমুখ।